গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন-৪ শাখা
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.০০০.০৮৪.৩২.০০০১.২৬.৮২২

তারিখ: ১৮ কার্তিক ১৪৩৩ / ০৩ নভেম্বর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: সরকারি কোয়ার্টার ও কলোনিসমূহে বসবাসের অনুকূল পরিবেশ সৃষ্টি এবং ডেঙ্গু প্রতিরোধে বিশেষ পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম।

সাম্প্রতিক সময়ে সরকারি আবাসনসমূহে জনস্বাস্থ্য সুরক্ষা, বসবাসের অনুকূল পরিবেশ তৈরি এবং এডিস মশার প্রজননস্থল ধ্বংস করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৭ অক্টোবর ২০২৬ তারিখের ০৩.০০.০০০০.০৭০.৯৯.০০০১.২৬ (অংশ-১) ১৫০ নং স্মারকের নির্দেশনা মোতাবেক অর্থ বিভাগের কোটাভুক্ত এ বি ও সি শ্রেণির বাসাসমূহের বরাদ্দ প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ আবশ্যিকভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হচ্ছে।

১. অর্থ বিভাগের অধীন এ, বি ও সি শ্রেণির বরাদ্দপ্রাপ্ত সরকারি কোয়ার্টারে বসবাসের অনুকূল পরিবেশ তৈরির নিমিত্ত দৃশ্যমান সকল ধরনের ময়লা আবর্জনা পরিষ্কার করতে উদ্যোগ গ্রহণ করতে হবে এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বিভিন্ন উদ্যোগে সহযোগিতা প্রদান করতে হবে।

২. অর্থ বিভাগের অধীন এ, বি ও সি শ্রেণির বরাদ্দপ্রাপ্ত সরকারি কোয়ার্টারে বসবাসকারী কর্মকর্তা ও কর্মচারীগণ যেন ভবনের উপর থেকে যত্রতত্র ময়লা না ফেলে সে বিষয়ে সতর্ক থাকতে হবে।

৩. যে সকল ভবনের ছাদে বাগান আছে, সে সকল ছাদ পরিষ্কার রাখা ও ছাদে পানি জমার কারণে ভবনের যাতে ক্ষতি না হয় সে বিষয়টি অধিকতর গুরত্বের সাথে দেখতে হবে।

জনস্বার্থে এবং কলোনির বাসিন্দাদের স্বাস্থ্য সুরক্ষায় যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো। সকলের সম্মিলিত সহযোগিতা একান্তভাবে কাম্য।

০৩/১১/২০২৬

মোঃ আবু ওয়াদুদ
উপসচিব
ফোন: ০২-৯৫৮৫০৪৬

স্মারক নং-০৭.০০.০০০০.০০০.০৮৪.৩২.০০০১.২৬.৮২২/১(১১)

তারিখ: ১৮ কার্তিক ১৪৩৩ / ০৩ নভেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, প্রশাসন ও সমন্বয়/পরিকল্পনা, উন্নয়ন ও সংস্কার/ বাজেট-১ ও ২/সামষ্টিক অর্থনীতি/ব্যয় ব্যবস্থাপনা ১ ও ২/অভ্যন্তরীন নিরীক্ষা/সরকারী ঋণ ও আর্থিক সম্পদ ব্যবস্থাপনা/এনটিআর, পিপিপি ও এনএসডি/প্রবিধি/বাস্তবায়ন-১ ও ২/ আইন/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান-১ ও ২, অনুবিভাগ, অর্থ বিভাগ;
০২। উপসচিব, প্রশাসন অধিশাখা-১/ বাজেট ও পরিবীক্ষণ অধিশাখা, অর্থ বিভাগ;
০৪। উপসচিব, প্রশাসন শাখা-১/২/৩/৪/৫ গ্রহণ ও প্রেরণ শাখা/প্রশিক্ষণ শাখা/ অর্থ বিভাগ;
০৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়,
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৭। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-৬, অর্থ বিভাগ;
০৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ বিভাগ;
০৯। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সকল), অর্থ বিভাগ;
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ (সার্কুলার এবং বাসা বরাদ্দের আবেদন ফরম অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ); এবং
১১। গার্ড ফাইল/অফিস কপি।

মোঃ আবু ওয়াদুদ
উপসচিব